# মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার উন্নয়ন চান না, শুধু ভাইপোর বিকাশ চান

## কটাক্ষ উত্তরপ্রদেশের উপমুখ্যমন্ত্রী কেশবপ্রসাদ মৌর্যের

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** সোমবার হুগলির বলাগড়ে কৃষক সুরক্ষা অভিযানে যোগ দিয়ে মুখ্যমন্ত্রীকে তীব্র কটাক্ষ করেন উত্তরপ্রদেশের উপমুখ্যমন্ত্রী কেশবপ্রসাদ মৌর্য। তিনি বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার উন্নয়ন চান না, শুধু ভাইপোর বিকাশ চান।' বিজেপির এই কর্মসূচিতে এদিন যোগ দেন বিজেপি নেতা তথা উত্তর প্রদেশের উপমুখ্যমন্ত্রী কেশবপ্রসাদ মৌর্য। তিনি কৃষকদের সঙ্গে আলাপচারিতার পর মধ্যাহ্ন ভোজন করেন এক কৃষক পরিবারে।



জানা গিয়েছে, এরপর তিনি বলাগড়ের মহিপালপুর গ্রামে আয়োজিত কৃষক সম্মেলনে যোগ দেন। এই সম্মেলনে তিনি কৃষকদের সমস্যার কথা শোনেন। রাজ্যে বর্তমান শাসক দল তৃণমূলের আমলে কৃষকের স্বার্থের অবহেলা, ফসলের ন্যায্য মূল্য না-পাওয়া ও শোষণের সঙ্গে সম্পর্কিত অনেক সমস্যার কথা শোনেন উত্তর প্রদেশের উপমুখ্যমন্ত্রী। পাশাপাশি তিনি এই সমস্যা থেকে কৃষকদের মুক্ত করতে ও বাংলা সুশাসন প্রতিষ্ঠা করতে বিজেপিকে সমর্থন করার কথাও বলেন কৃষকদের। এমনকী, বাংলায় বিজেপি ক্ষমতায় এলে কৃষকদের স্বার্থে কাজ করবে বলে জানান তিনি। এদিন বলাগড়ের সভা থেকে কেশববাবু বলেন, 'মমতা বন্দ্যোপাধ্যায় বাংলার উন্নয়ন চায় না। শুধু ভাইপোর বিকাশ চায়। আর এই জন্য তৃণমূল যাচ্ছে আর বিজেপি রাজ্যে ক্ষমতায় আসছে।' এদিন তিনি জনসংযোগ বাড়াতে বলাগড়ে বিজেপির গৃহসম্পর্ক অভিযান শুরু করেন। এলাকার মানুষের সঙ্গে কথাও বলেন। রাজ্য তৃণমূলের শোষণের হাত থেকে বাঁচতে বিজেপিকে ভোট দেওয়ায় আহ্বান জানান তিনি। এদিন উত্তরপ্রদেশের উপমুখ্যমন্ত্রী কেশবপ্রসাদ মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকারের জনবিরোধী নীতির সমালোচনা করার পাশাপাশি আসন্ন বিধানসভা ভোটে বিজেপি বিপুল সংখ্যক আসন নিয়ে ক্ষমতায় আসছে বলে মতপ্রকাশও করেন।

# মুমূর্ষু রোগীকে হাসপাতাল নিয়ে যেতে মিলল না অ্যাম্বুল্যান্স, দমকলের সাহায্য

**নিজস্ব প্রতিবেদন, ধূপগুড়ি:** মুমূর্ষু রোগীর জন্য মিলল না-অ্যাম্বুলেন্স বা দমকলের সাহায্য। হাসপাতালে পৌঁছনোর আগেই মৃত্যু হল তাঁর। জালপাইগুড়ির ধূপগুড়ি স্টেশন এলাকায় এমনই এক অভিযোগ উঠল। ট্রেনে করে ওই রোগীকে হায়দরাবাদ নিয়ে যাওয়া হচ্ছিল। অবস্থার অবনতি হওয়ায়,ধূপগুড়িতে নামানো হয়। কিন্তু স্টেশন থেকে হাসপাতাল নিয়ে যাওয়ার জন্য সাহায্য মেলেনি। দমকলে ফোন করা হলে, সেখান থেকে নাকি বলা হয়, মুখ্যমন্ত্রীর সফরের জন্য তারা ব্যস্ত তাই রোগীকে হাসপাতাল পৌঁছনোর ব্যবস্থা করা সম্ভব নয়।



রকি হরিজন নামের ওই রোগী প্রায় ১৫ দিন ধরে ভুগছিলেন। রকির দিদি জানান, চিকিৎসার জন্য ট্রেনে ভাইকে হায়দরাবাদ নিয়ে যাচ্ছিলেন। কিন্তু ধূপগুড়ির কাছে তাঁর অবস্থার অবনতি হতে থাকে। তাই তাঁকে স্টেশনে নামিয়ে সামনের কোনও হাসপাতালে ভর্তির চেষ্টা করেন তাঁরা। স্টেশনে নামানোর পর দীর্ঘক্ষণ অপেক্ষা করেও কোনও অ্যাম্বুল্যান্স পাওয়া যায়নি।

ট্রেন থেকে নামানোর পরই অ্যাম্বুল্যান্স এবং দমকলকে ফোন করেন স্টেশন সুপার অরবিন্দ কুমার। কিন্তু কোনও অ্যাম্বুল্যান্স আসেনি। আর দমকল কর্মীরা নাকি জানিয়ে দেন, মুখ্যমন্ত্রী আসবেন তাই তাঁরা ব্যস্ত আছেন যেতে পারবেন না। অ্যাম্বুল্যান্সের জন্য ধূপগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যানকেও ফোন করা হয়। শেষে কোনও উপায় না-দেখে একটি ব্যক্তিগত গাড়ি জোগাড় করে রকিকে ধূপগুড়ি হাসপাতালে পাঠানো হয়। রেল স্টেশনের আধিকারিকরাও হাসপাতালে যান রকির সঙ্গে। কিন্তু শেষ পর্যন্ত বাঁচানো যায়নি রকিকে। হাসপাতালে নিয়ে গেলে, চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

ধূপগুড়ি স্টেশন সুপার অরবিন্দ পরে বলেন, 'দমকলকে ফোন করা হলে তারা মুখ্যমন্ত্রীর সফর নিয়ে ব্যস্ততার কথা জানান। আর অ্যাম্বুল্যান্সের জন্য ফোন করা হলে তারা জানায়, মা বা ছোট শিশু হলে তারা আসবে। শেষ পর্যন্ত ব্যক্তিগত গাড়িতে করেই হাসপাতালে নিয়ে যাওয়া হয় ওই যুবককে।'

ধূপগুড়ি পুরসভার ভাইস চেয়ারম্যান রাজেশকুমার সিংহ পরে জানান, তিনি বিষয়টি জানতে পেরে অ্যাম্বুল্যান্স পাঠান স্টেশনে। কিন্তু ততক্ষণে রোগীকে সেখান থেকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে। পাশাপাশি তিনি এ-ও প্রশ্ন তোলেন, ধূপগুড়ির মতো এত বড় গুরুত্বপূর্ণ একটি স্টেশনে রেলের তরফে কোনও মেডিক্যাল টিম বা অ্যাম্বুল্যান্স থাকবে না-কেন?

# বেহুলা নদীর অংশ দখল করে বেসরকারি ভবন গড়ার অভিযোগ স্থানীয় বাসিন্দাদের

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** পুরাতন মালদায় বেহুলা নদীর কিছু অংশ দখল করে বিভিন্ন ধরনের বেসরকারি ভবন তৈরি করার অভিযোগ উঠেছে। এই ঘটনাকে ঘিরে সংশ্লিষ্ট এলাকার গ্রামবাসীদের মধ্যে ব্যাপক অসন্তোষ ছড়িয়েছে। একশ্রেণীর জমি মাফিয়া বেহুলা নদীর একাংশ মাটি ভরাট করে দখল করে নিচ্ছে বলে অভিযোগ। অথচ এই বেহুলা নদী সংস্কার করার উদ্যোগ নিয়েছে পুরাতন মালদা ব্লক প্রশাসন এবং পঞ্চায়েত কর্তৃপক্ষ।



একদিকে নদী সংস্কারের কাজ চললেও, নদীর একাংশ বুঝিয়ে দেদার নির্মাণ কাজ করার অভিযোগ উঠেছে। ইতিমধ্যে এই সমস্যার ব্যাপারে সংশ্লিষ্ট এলাকার পঞ্চায়েত কর্তৃপক্ষকে নালিশ করেছে পুরাতন মালদা মঙ্গলবাড়ী গ্রাম পঞ্চায়েতের নলডুবি এলাকার বাসিন্দারা। ওই এলাকার নদীর একাংশ দখল করে নির্মাণ কাজ হচ্ছে বলে অভিযোগ। রাতের অন্ধকারেই নদীর একাংশ বুঝিয়ে দিচ্ছে জমি মাফিয়ারা। যা নিয়ে ওই এলাকার বাসিন্দাদের মধ্যে চরম অসন্তোষ ছড়িয়েছে। অবিলম্বে এই পরিস্থিতির সমাধান না-হলে, আন্দোলনের হুমকি দিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

পুরাতন মালদা পঞ্চায়েত সমিতির সভাপতি মৃণালিনী মণ্ডল মাইতি জানিয়েছেন, এই ধরনের ঘটনা যদি ঘটে থাকে তাহলে মারাত্মক বিষয়। কোনওভাবেই এরকম বেআইনি কাজ বর্দাস্ত করা হবে না। যদি আমার কাছে নির্দিষ্টভাবে কোন লিখিত অভিযোগ আসেনি। তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে।

উল্লেখ্য, পুরাতন মালদা ব্লকের লক্ষাধিক মানুষের বেহুলা নদী সংস্কারের দীর্ঘদিনের দাবি ছিল। সাধারণ মানুষের স্বার্থের কথা ভেবেই ইতিমধ্যে সংশ্লিষ্ট প্রশাসন ও পঞ্চায়েত কর্তৃপক্ষ সরকারি অর্থ খরচ করে এই নদী সংস্কারের কাজ শুরু করেছে। ১০০ দিনের কাজ প্রকল্পের মাধ্যমে চলছে নদীর মাটি খননের কাজ। এই নদীর কাজ শুরু হতেই রীতিমতো খুশির হাওয়া তৈরি হয়েছে পুরাতন মালদা ব্লকের সাহাপুর, মঙ্গলবাড়ী, ভাবুক গ্রাম পঞ্চায়েত এলাকায়। যেহেতু এই গ্রাম পঞ্চায়েত দিয়েই ওই নদীটি প্রবাহিত হয়েছে।

কিন্তু অভিযোগ উঠেছে নলডুবি এলাকার বেহুলা নদীর একাংশ দখল করেই চলছে বেআইনি নির্মাণ কাজ। এতে করে নদীর ভারসাম্য নষ্ট হবে অভিযোগ করেছেন এলাকার বুদ্ধিজীবী থেকে শিক্ষক মহল।

নলডুবি এলাকার একাংশ বাসিন্দাদের অভিযোগ, রাতের অন্ধকারে মাটি ফেলে নদীর একটি অংশ বুঝিয়ে ফেলা হচ্ছে। আর সেখানেই নির্মাণকাজ চলছে। শীতের মরশুমে নদী শুকিয়ে অনেকটাই ছোট হয়ে গিয়েছে। চারদিকে শুধু নদীর অংশ জুড়ে ফাঁকা মাঠ আর সেই সুযোগেই নদীর ওপারে কিছুটা অংশ দখল করছে জমি মাফিয়া। এব্যাপারে প্রশাসনের কাছেও খুব শীঘ্রই ডেপুটেশন দেওয়া হবে বলে জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা।

পুরাতন মালদা থানার পুলিশ জানিয়েছে, এই ঘটনাটি নিয়ে নির্দিষ্ট কোনও অভিযোগ থানায় জমা পড়েনি। যদি অভিযোগ হয়, তাহলে বিষয়টি অবশ্যই গুরুত্ব সহকারে খতিয়ে দেখে, প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

# মালদায় কেন্দ্রীয় বাহিনী থাকার পরিকাঠামো খতিয়ে দেখল পুলিশ

**নিজস্ব প্রতিবেদন, মালদা:** এখনও নির্বাচনের ঘোষণা হয়নি। কিন্তু তার আগেই এবার মালদায় কেন্দ্রীয় বাহিনী থাকার পরিকাঠামো খতিয়ে দেখার কাজ শুরু করল পুলিশ। কেন্দ্রীয় আধা সামরিক বাহিনী কোথায় থাকবে, সেখানে শৌচাগার থেকে রান্না করার জায়গা ও বিদ্যুৎ-সহ অন্যান্য সার্বিক ব্যবস্থা কেমন রয়েছে, সেই পরিকাঠামোগুলো খতিয়ে দেখতে সোমবার বিভিন্ন থানা এলাকায় তদারকির কাজ শুরু করে পুলিশ। বেশকিছু হাইস্কুল থেকে কলেজ ও বিভিন্ন ধরনের শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিদর্শন করেন পুলিশ কর্তারা।



এদিন দুপুরে পুরাতন মালদা থানার আইসি হীরক বিশ্বাসের নেতৃত্বে সংশ্লিষ্ট থানার পুলিশ কর্তারা সাহাপুর হাইস্কুল থেকে শুরু করে বেশ কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠান ঘুরে দেখেন। যে সব শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে অনেক বেশি ঘর রয়েছে, শৌচাগার রয়েছে বেশি। পাশাপাশি রান্না করার ব্যবস্থার উপযুক্ত পরিকাঠামো রয়েছে সেই জায়গাগুলো তদারকি করে দেখা হয় সংশ্লিষ্ট থানার পক্ষ থেকে।

যদিও এখনও নির্বাচন ঘোষণা হয়নি। কিন্তু তার আগেই কেন্দ্রীয় বাহিনী মালদায় আশা নিয়ে এই ধরনের তদারকি কাজ শুরু করে দিয়েছে পুলিশ কর্তারা।

পুরাতন মালদা থানার আইসি হীরক বিশ্বাস জানিয়েছেন, যে সব স্কুলে মূলত কেন্দ্রীয় বাহিনী থাকবে, সেইসব শিক্ষা প্রতিষ্ঠানের ঘরগুলো কী অবস্থায় রয়েছে, কোথায় কী ধরনের পরিকাঠামোগত সমস্যা আছে, সেইসব এদিন ঘুরে দেখা হয়েছে। তবে এই এলাকায় অধিকাংশ শিক্ষাপ্রতিষ্ঠানগুলো খুবই ভাল। যেখানে নির্বাচনের প্রাক্কালে আধাসামরিক বাহিনী জাওয়ানদের থাকার মতো সুব্যবস্থা রয়েছে। পুলিশ সুপার অলোক রাজোরিয়ার নির্দেশ মতো এদিন এই কাজ করা হয়েছে। বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানগুলো তদারকি করার পরই একটি রিপোর্ট জেলা পুলিশ সুপারের কাছে পাঠিয়ে দেওয়া হবে।

**ওরিয়েন্ট বেভারেজেস লিমিটেড**
**CIN: L15520WB1960PLC024710**
**রেজিঃ অফিস:** ''অ্যালপে কোর্ট'' ৪র্থ তল,
২২৫সি, এ.জে.সি. বোস রোড,
কলকাতা-৭০০০২০, পঃবঃ
ফোন: ০৩৩-২২৮১৭০০১
**ইমেল:** cs@obl.org.in
**ওয়েবসাইট:** www.obl.org.in

**বিজ্ঞপ্তি**

সেবি (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন-৪৭ -এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা শুক্রবার, ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ বেলা ১১.০০টায় অনুষ্ঠিত হবে কোম্পানির রেজিস্টার্ড অফিসে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য কোম্পানির স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। উক্ত বিজ্ঞপ্তিটি কোম্পানির ওয়েবসাইট **www.obl.org.in**-এ এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট **www.bseindia.com** এবং **www.cse-india.com**-এও পাওয়া যাবে।

**ওরিয়েন্ট বেভারেজেস লিঃ**-র পক্ষে
স্থান: কলকাতা **জিউত প্রসাদ**
তারিখ: ১.২.২০২১ **কোম্পানি সেক্রেটারি**

**রিলায়েন্স জুট মিলস্ (ইন্টারন্যাশনাল) লিমিটেড**
CIN: L17125WB1996PLC081382
রেজিঃ অফিস : আইডিয়াল প্লাজা, সাউথ ব্লক, ৫ম তল
১১/১, শরৎ বোস রোড, কলকাতা-৭০০০২০
দূরভাষ: (৯১) (৩৩) ২২৮০ ৭০১৭/১৮, ফ্যাক্স: (৯১) ২২৮০ ৭০১৬
ই-মেল : financeho@reliancejute.com,
ওয়েবসাইট : www.reliancejute.com

**বিজ্ঞপ্তি**

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস)-এর রেগুলেশন ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা, শুক্রবার, ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ অনুষ্ঠিত হবে নির্ধারিত হয়েছে, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩১ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত কোম্পানির ত্রৈমাসিক অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। উক্ত বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট http/www.reliancejute.com-এ এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট http/www.cse-india.com -এও পাওয়া যাবে।

**রিলায়েন্স জুট মিলস্ (ইন্টারন্যাশনাল) লিঃ**-এর পক্ষে
স্বা/- **(এস. কে. আগরওয়াল)**
প্রেসিডেন্ট(ফিনান্স) অ্যান্ড
স্থান: কলকাতা কোম্পানি সেক্রেটারি
তারিখ: ১ ফেব্রুয়ারি, ২০২১

# অ্যান্ড্রয়েড ফোনের গেম ছাড়ানোর উদ্যোগ

# শিশুদের মাঠমুখো করার জন্য আয়োজন ক্রীড়া প্রতিযোগিতার

**নিজস্ব প্রতিবেদন, অশোকনগর:** অ্যান্ড্রয়েড ফোন নির্ভরশীল শিশুদের মাঠমুখো করার উদ্দেশ্যে আয়োজন করা হল ক্রিড়া প্রতিযোগিতার। দীর্ঘ করোনা পরিস্থিতিতে বন্ধ স্কুল। চার দেওয়ালে বন্দি শিশু মন। সবকিছুর মধ্যেও যেন শিশুদের এখন মন মজেছে মোবাইল গেমে। বর্তমানে নিরুপায় শিশুদের বাবা-মা। এক প্রকার বাধ্য হয়েই শিশুদের হাতে তুলে দিচ্ছেন নিজেদের অ্যান্ড্রয়েড ফোনটি। কবে খুলবে স্কুল, কবেই বা শিশুরা চার দেওয়াল থেকে বেরিয়ে খোলা আকাশের নিচে খেলার মাঠে ফিরবে, এটাই এখন লাখ টাকার প্রশ্ন। সব কিছুর ঊর্ধ্বে উঠে শিশু মনের বিকাশ ঘটাতে এগিয়ে এলো অশোকনগর বাইগাছি এলাকার এক ঝাঁক তরুণ। শিশুদের মাঠমুখো করার জন্য তাঁরা আয়োজন করে ফেলল একদিনের ক্রিড়া প্রতিযোগিতার। বাইগাছির আটটি গ্রামের প্রায় ২৫০ জন ছেলে-মেয়েদের নিয়ে অশোকনগর বাইগাছি নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের মাঠে অনুষ্ঠিত হয় একদিনের ক্রিড়া প্রতিযোগিতা। এই খেলায় অংশগ্রহণকারীদের নিয়ে মোট তিনটি গ্রুপ করা হয়। এদিনের খেলার ইভেন্টের মধ্যে ছিল একশো ও দুশো মিটার দৌড়, হাই জাম্প, লং জাম্প, ছোটদের আলু দৌড়। এই



অনুষ্ঠানের উদ্যোক্তা ডাব্লু সিং জানিয়েছেন, এদিনের আমাদের এই ক্রিড়া প্রতিযোগিতার মূল উদ্দেশ্য শিশু মনের বিকাশ ঘটানো। দীর্ঘ করোনা পরিস্থিতির কারণে ছোট ছোট ছেলেমেয়েদের স্কুল ছুটি। তাই এক প্রকার গৃহবন্দি হয়ে পড়েছে বাড়ির ছোটরাও। দীর্ঘদিন ধরে তাদের একমাত্র খেলার অবলম্বন হয়ে উঠেছে অ্যান্ড্রয়েড ফোনে মোবাইল গেম। কিন্তু না, আমরা চাই শিশুরা আবার মাঠে ফিরুক। খোলা আকাশের নিচে মুক্ত মনে তারা আবার খেলাধুলো করুক। এলাকার তরুণদের এহেন উদ্যোগে খুশি ছোট ছোট ছেলেমেয়েদের অভিভাবিকারাও। তাঁরা সকলেই এই উদ্যোগকে সাধুবাদ জানিয়েছেন। অনুমিতা বাড়ুই নামে এক অভিভাবিকা জানান, আমরা খুব খুশি এই ধরনের একটা অনুষ্ঠান করার জন্য। আমরা চাই মাঝে মাঝেই এই ধরনের অনুষ্ঠান হলে, আমাদের ছোট ছোট ছেলে-মেয়েদের মানসিক বিকাশ ঘটবে। আর পড়াশোনাটাও ভাল হবে। কারণ, একঘেয়েমি জীবনে কখনও খুব একটা ভাল কিছু হয় না। তাই অনুষ্ঠানের উদ্যোগক্তাদের অসংখ্য অভিনন্দন জানাই।

# সিপিআইএমের বিধানসভা ভিত্তিক কর্মিসভা বড়জোড়ায়

**নিজস্ব প্রতিবেদন, বড়জোড়া:** বিধানসভা ভিত্তিক কর্মিসভার উদ্যোগ নিল সিপিআইএম। সোমবার বড়জোড়া উচ্চ বিদ্যালয়ে সিপিআইএমের উদ্যোগে এক কর্মিসভা[redacted] আয়োজন করা হয়। সে[redacted] বক্তব্য রাখেন দলের পলিটব্যুরোর সদস্য ও রাজ্য সম্পাদক সূর্যকান্ত মিশ্র, জেলা সম্পাদক অজিত পতি।

আগামী নির্বাচনে বিজেপি ও তৃণমূলকে পরাস্ত করে বাম ধর্মনিরপেক্ষ শক্তিকে জয়ী করার আহ্বান জানানো হয়। সূর্যকান্তবাবু কর্মীদের আরও নিবিড় জনসংযোগ ও আন্দোলনে জোর দিতে বলেন। তিনি জানান, তৃণমূল ও বিজেপির প্রতি মানুষ বীতশ্রদ্ধ। তারা বামপন্থীদের ওপর ভরসা করেন। তাই বিকল্পের ভাবনাকে প্রচারে নিয়ে আসতে হবে।

আজকের কর্মসূচিতে উপস্থিত ছিলেন বিধায়ক সুজিত চক্রবর্তী, জেলা নেতৃত্ব যদুনাথ রায়, সুজয় চৌধুরী প্রমুখ। প্রায় ২ হাজারের বেশি কর্মী উপস্থিত হন এই সভায়। সভা শেষে সূর্যকান্ত মিশ্রের নেতৃত্বে কৃষি আইন বাতিল-সহ জনজীবনের সমস্যা নিরসনের দাবিতে মিছিলও হয় বড়জোড়ায়।

**আসাম এনট্রেড লিমিটেড**
রেজিঃ অফিস: ১৬ তারাচাঁদ দত্ত স্ট্রিট,
৩য় তল, কলকাতা-৭০০০৭৩
CIN: U20219WB1985PLC096557
ওয়েবসাইট: www.assamentrade.com

**বিজ্ঞপ্তি**

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং ওবলিকেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুযায়ী এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানির বোর্ড অফ ডিরেক্টর্সের একটি সভা ১০ ফেব্রুয়ারি, ২০২১ তারিখ বুধবার কানপুরে অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের মধ্যে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাসের জন্য স্ট্যান্ডঅ্যালোন ও কনসোলিডে[redacted]নিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা[redacted]ন করা হবে।
[redacted]ম এনট্রেড লিমিটেড-এর পক্ষে
[redacted]র স্বা/- (শালিনি আগরওয়াল)
[redacted] ০১.০২.২০২১ কোম্পানি সেক্রেটারি

**এনপিআর ফিনান্স লিঃ**
''টোডি ম্যানসন'', ১, লু-সান সরণি,
১০ম তল, কলকাতা-৭০০০৭৩
CIN- L65921WB1989PLC047091
ওয়েবসাইট : www.nprfinance.com
ই-মেল: npr1@nprfinance.com
ফোন নং- ০৩৩ ২২৩৭ ৭২০১

**বিজ্ঞপ্তি**

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ -র রেগুলেশন ৪৭-এর সঙ্গে পঠিত রেগুলেশন ২৯ অনুসারে, এতদ্দ্বারা বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, কোম্পানির পরিচালন পর্ষদের সভা শুক্রবার, ১২ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে বিকেল ৫.০০টায় কোম্পানির রেজিস্টার্ড অফিসে অনুষ্ঠিত হবে, যেখানে অন্যান্য বিষয়ের সঙ্গে ৩১ ডিসেম্বর, ২০২০ তারিখ সমাপ্ত ত্রৈমাসিক এবং নয় মাস সময়ের জন্য কোম্পানির অনিরীক্ষিত আর্থিক ফলাফল বিবেচনা ও অনুমোদন করা হবে। সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া (লিস্টিং অবলিগেশনস্ অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস্) রেগুলেশনস্, ২০১৫ ধারা ৪৬ অনুযায়ী এই বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট (www.nprfinance.com), via the link: http://www.nprfinance.com/filecontent/Notice%20to%20Es.pdf -তে প্রদর্শিত আছে। এই বিজ্ঞপ্তি বিএসই লিঃ-র কর্প. অ্যানাউন্সমেন্ট বিভাগ, যেখানে কোম্পানির শেয়ার নিবন্ধভুক্ত আছে (www.bseindia.com)-তেও পাওয়া যাবে।

**পর্ষদের আদেশানুসারে**
**রিম্পা রায়**
স্থান: কলকাতা **কোম্পানি সেক্রেটারি**
তারিখ: ০১.০২.২০২১ **সদস্য নং A27781**

**ইন্ডিয়ান ব্যাঙ্ক ট্রাস্ট ফর রুরাল ডেভেলপমেন্ট (আইবিটিআরডি)**
প্রবর্তক- রুরাল ব্যাঙ্কিং ডিপার্টমেন্ট
কর্পোরেট অফিস, ইন্ডিয়ান ব্যাঙ্ক, চেন্নাই-১৪
ইন্ডিয়ান ব্যাঙ্ক, জোনাল অফিস, বারাসত, ৫৪, কে. এন. সি. রোড, গুপ্ত কলোনী, কলকাতা-৭০০১২৪

**চুক্তির ভিত্তিতে ফিনান্সিয়াল লিটারেসি কাউন্সিলার নিয়োগ**

গুরুত্বপূর্ণ : আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ : [illegible]/০২/২০২১

[illegible]

এফএলসিসি-র জন্য শিক্ষাগত যোগ্যতা / অন্যান্য শর্তাবলী শূন্যপদ - ০১

| ক্র. নং. | মাপকাঠি | বিবরণ |
|---|---|---|
| ১. | বয়স | ৬৫ বছরের কম (৬৮ বছর পর্যন্ত [illegible]) |
| ২. | যোগ্যতা / শিক্ষাগত | ফিনান্সিয়াল ইনস্টিটিউশন, আরবিআই, নাবার্ড, [illegible] ও কমার্শিয়াল ব্যাঙ্কের অবসরপ্রাপ্ত কর্মচারী |
| ৩. | অভিজ্ঞতা | [illegible] |
| ৪. | ভাষাগত / প্রযুক্তিগত দক্ষতা | স্থানীয় ভাষায় ও ইংরেজিতে দক্ষতা ও এমএস অফিস অ্যাপ্লিকেশন জানতে হবে। |
| ৫. | অন্যান্য প্রয়োজনীয়তা | [illegible] |
| ৬. | পারিশ্রমিক | ১৫,০০০/- টাকা প্রতি মাসে |
| ৭. | নিযুক্তির মেয়াদকাল | চুক্তির ভিত্তিতে ১ বছর। [illegible] |
| ৮. | বাছাইয়ের প্রক্রিয়া | যোগ্য প্রার্থীকে ইন্টারভিউ দিতে হবে [illegible] |

১. [illegible]
২. [illegible]
[illegible]
[redacted]
[redacted] জানতে, আমাদের ওয়েবসাইট www.indianbank.in/career দেখুন।
জোনাল ম্যানেজার, ইন্ডিয়ান ব্যাঙ্ক, বারাসত জোন